প্রথম আলো

তারিখ 24 MAR 2016
পৃষ্ঠা ৩ কলাম ৫

# এমপিওভুক্ত শিক্ষকদের নতুন স্কেলে বেতন মার্চ থেকে।

নিজস্ব প্রতিবেদক ●

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক ও কর্মচারীরা মার্চ মাসের বেতন নতুন স্কেলে পাবেন বলে জানিয়েছেন শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) দুজন কর্মকর্তা। গতকাল বুধবার তাঁরা *প্রথম আলো*কে এ তথ্য জানান।

মাউশির একজন উর্ধ্বতন কর্মকর্তা বলেন, গতকাল এমপিও-সংক্রান্ত সভায় মোটামুটি এ বিষয়টি পরিষ্কার করা হয়েছে। অন্য দিকে শিক্ষা মন্ত্রণালয়ের একজন উর্ধ্বতন কর্মকর্তা *প্রথম আলো*কে বলেন, অর্থ মন্ত্রণালয়ের সঙ্গে তাঁদের কথা হয়েছে। এর ভিত্তিতে অর্থ মন্ত্রণালয় সারসংক্ষেপও তৈরি করেছে, যেটি শিক্ষা মন্ত্রণালয় দেখে দিয়েছে। এর পরিপ্রেক্ষিতে তাঁরা আশা করছেন, মার্চ মাসের বেতনই এমপিওভুক্ত শিক্ষকেরা নতুন স্কেলে পাবেন।